# আকু'র প্রেসিডেন্ট'র বাণী



গৌরবোজ্জ্বল পঞ্চাশ বছর পূর্তির সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে মঠবাড়ী খ্রিষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সদস্য, বোর্ড ও কমিটির বর্তমান-প্রাক্তন কর্মকর্তা সবার প্রতি এদেশের ক্রেডিট ইউনিয়ন আন্দোলনের জাতীয় প্রতিষ্ঠান দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিঃ এর আওতাধীন সদস্য ক্রেডিট ইউনিয়নগুলোর সাড়ে তিন লাখ সদস্য, কাল্‌ব বোর্ড অব ডিরেক্টরস্ এর সদস্যবৃন্দ; সকলের পক্ষে সমবায়ী শুভেচ্ছা ও আন্তরিক অভিনন্দন জানাচ্ছি ।

কাল্‌ব প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পালনকারী অন্যতম এই ক্রেডিট ইউনিয়ন; দেশের প্রথমসারির একটি বৃহৎ ক্রেডিট ইউনিয়ন হিসেবে দীর্ঘ পঞ্চাশ বছরে সুদৃঢ় অবস্থান তৈরী করেছে। এদেশে ক্রেডিট ইউনিয়ন আন্দোলন সম্প্রসারণে অনন্য গৌরবের সুনাম সুখ্যাতি সম্পন্ন প্রতিষ্ঠান অত্র ক্রেডিট ইউনিয়ন। প্রয়াত ফাদার চার্লস জে ইয়াং সিএসসি'র উদ্যোগে প্রতিষ্ঠিত অর্থনৈতিক উন্নয়নের মহৎ কর্মযজ্ঞের এক বাস্তব নিদর্শন মঠবাড়ী খ্রিষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন মহাগৌরবে পঞ্চাশ বছরের স্বর্ণালী অধ্যায় রচনা করেছে। আমি আজকের দিনে সমাজদরদী, গরীব-দুঃখী সাধারণ জনগোষ্ঠির অর্থনৈতিক মুক্তির স্বপ্নদ্রষ্টা প্রয়াত ফাদার ইয়াং, অত্র ক্রেডিট ইউনিয়নের সকল উদ্যোক্তা প্রাক্তন ও বর্তমান কর্মকর্তাদের অপরিসীম শ্রম ও অবদান শ্রদ্ধার সাথে স্মরণ করছি।

সুবর্ণ জয়ন্তীর আনন্দক্ষণে সকল সফলতা ও গৌরবগাঁথার স্মৃতি রোমন্থনের পাশাপাশি স্মরণ করতে চাই- বিগত পঞ্চাশ বছর পথ চলায় অনেকের অক্লান্ত পরিশ্রম, মেধা ও মননশীলতায় ক্রেডিট ইউনিয়নটি আজকের অবস্থান তৈরী করেছে। সচেতন স্বক্রিয় সাধারণ সদস্যদের অকুণ্ঠ সমর্থন ও সহযোগিতায় ক্রেডিট ইউনিয়ন দিনে দিনে টেকসই উন্নত, সমৃদ্ধ সুবর্ণ জয়ন্তীর পথে এগিয়েছে। আমরা সুবর্ণ জয়ন্তীর এই শুভক্ষণে প্রত্যাশা করি দেশের প্রথমসারির ক্রেডিট ইউনিয়ন হিসেবে মঠবাড়ী খ্রিষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন আরও সমৃদ্ধ, উন্নতির পথে এগিয়ে যাবে।

সুবর্ণ জয়ন্তীর সোনালী আভায় আনন্দ উল্লাসে, গৌরবের দীপ্ত অহংকারে মেতে উঠুক ক্রেডিট ইউনিয়নের প্রাণোচ্ছল সদস্যবৃন্দ, আনন্দধারা বয়ে যাক সবার অন্তরে- শতবর্ষের সমৃদ্ধির সোপানে।

**সাইমন এ. পেরেরা**
চেয়ারম্যান, কাল্‌ব
**প্রেসিডেন্ট**
**এসোসিয়েশন অফ এশিয়ান কনফেডারেশন অফ ক্রেডিট ইউনিট**